

জরুরিকালিন জন্ম নিরোধক বড়ি (ইসি)

জরুরিকালিন জন্ম নিরোধক বড়ি (ইসি) বলতে কী বোঝায়?

- ইসি-কে প্রায়ই প্ল্যান B বা পরবর্তী সকালের বড়ি বলা হয়ে থাকে।
- অরক্ষিত যৌনমিলনের পর আপনি যাতে গর্ভবতী না হন তাতে সাহায্য করার জন্য রয়েছে ইসি বড়ি (বা ২)।
- ২ ধরনের ইসি রয়েছে: “লেভোনরজেস্ট্রেল” এবং “উলিপ্রিস্টানা”।

আমি ইসি কীভাবে ব্যবহার করব?

- অরক্ষিত যৌনমিলনের পরবর্তী ৫ দিন পর্যন্ত আপনি ইসি থেকে পারেন। যত তাড়াতাড়ি খাবেন এটি ততই ভাল কাজ করবে।
- আপনার প্যাকে যদি ২টি বড়ি থাকে, দু’টিই একসাথে খাবেন।
- ইসি সম্পূর্ণ নিরাপদ এবং একাধিক বার খাওয়া নিরাপদ।
- আপনি যদি ইতোমধ্যে গর্ভবতী হয়ে থাকেন, ইসি কোন কিছু করবে না।

ইসি খাওয়ার পর আমি কেমন বোধ করব?


- আপনি কিছুটা বমি বমি বোধ করতে পারেন। সাহায্যের জন্য ইসি বড়ির খাওয়ার আগে কিছু খেয়ে নেওয়ার চেষ্টা করবেন।
- আপনার হালকা রক্তপ্রাব বা পুরো মাসিক হতে পারে। আপনার পরবর্তী মাসিকটিও আগে ভাগে বা বিলম্বে হতে পারে।

ইসি’র জন্য খরচ কত?

- আপনি \$৩৫-\$৬০ দিয়ে ফার্মেসি থেকে ইসি কিনতে পারবেন। আপনার বয়স কত তাতে কিছু যায় আসে না।
- আপনি আপনার ডাক্তারের কাছ থেকে ব্যবস্থাপত্র নিলে আপনার বিমা কোম্পানি আপনার অর্থ পরিশোধ করতে পারে।
- আপনার মেডিকএইড থাকলে, মেডিকেইড কার্ড বা কার্ডগুলো ফার্মেসিতে নিয়ে আসুন এবং মেডিকএইড আপনার ইসি’র জন্য অর্থ পরিশোধ করবে।

লেভোনরজেস্ট্রেল

- এই ঔষধটি বিভিন্ন ব্র্যান্ড নামে পাওয়া যায় কিন্তু এগুলো সবকটিই একইভাবে কাজ করে!
- নিচের ব্র্যান্ডগুলো আপনি সম্ভবত দেখতে পারবেন। এখানে সব ব্র্যান্ড দেখানো নেই, আরো অন্যান্য ব্র্যান্ডও রয়েছে।



উলিপ্রিন্টাল (এল্লা)

- এল্লা হচ্ছে আরেক ধরনের ইসি।
- আপনার ওজন অতিরিক্ত হয়ে থাকলে, আপনার গর্ভধারণ ঠেকাতে সাহায্য করার জন্য এল্লা ভাল কাজ করতে পারে।
- অরক্ষিত যৌনমিলনের ৫ দিন পরও এল্লা একইভাবে কাজ করে।
- এল্লা ব্যবহার করার ৫ দিন পর্যন্ত আপনি হরমোনসহ কোন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করতে পারবেন না।
- এল্লা'র জন্য আপনার ডাক্তারের কাছ থেকে আপনাকে ব্যবস্থাপত্র সংগ্রহ করতে হবে।



ইসি পেতে আপনার কোন অসুবিধা হলে, আপনার সিএইচএন হেলথ এডুকটর বা সমাজকর্মীর সাথে কথা বলুন।